# বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণ সহায়ক স্ক্রিনিং চেকলিস্ট

## প্রথম ভাগ

(শিক্ষক/ শিক্ষিকাদের জন্য)

শিক্ষার অধিকার
সর্বশিক্ষা অভিযান
সবার শিক্ষা, সবার উন্নতি

শিক্ষা আনে সভ্যতা
সভ্যতা আনে মানবিকতা

# বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণ সহায়ক স্ক্রিনিং চেকলিস্ট

প্রথম ভাগ

(শিক্ষক/শিক্ষিকাদের জন্য)

# Foreword

Disability is an integral part of society. Rights of Persons with Disabilities (RPWD) Act, 2016 recognizes 21 Disability Conditions and various provisions for Persons with Disability. It encourages equity based inclusion in society and inclusion of Children With Special Needs (CWSN) in regular schools while taking care of their special needs. It implies that all children with disability should be properly identify and certified as soon as possible to address their special needs and support them. All disability conditions are not visibly identifiable, therefore the present booklet will help regular teachers and special educators to screen children at preliminary level and send them for further identification at assessment camps. Teachers get the maximum opportunities to observe children for a significant period of time, in various settings like playground, library, classroom and other settings which will help them in identifying symptoms related to various disability conditions. The objective of this booklet is to screen and tentatively categorize the students into 21 disability conditions recognized by RPWD Act, 2016 to facilitate further identification and certification. Teachers and special educators should be careful while using this checklist and always remember that this is merely a preliminary screening tool and is not to be used as a diagnostic tool to label any child as having a disability.

# মুখবন্ধ

প্রতিবন্ধকতা সমাজের অবিচ্ছেদ্য অংশ। প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার (RPWD) আইন, 2016, একুশ ধরনের প্রতিবন্ধকতা এবং প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের জন্য বিভিন্ন বিধানকে স্বীকৃতি দিয়েছে। এটি সমাজে ন্যায়ভিত্তিক অন্তর্ভুক্তি এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (CWSN) বিশেষ প্রয়োজনগুলির প্রতি যত্ন নিয়ে, তাদের নিয়মিত বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করে। এতে বলা হয়েছে যে সমস্ত প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের বিশেষ প্রয়োজনগুলি পূরণ করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব তাদের যথাযথভাবে চিহ্নিত করে শংসাপত্র দিতে হবে। সব ধরনের প্রতিবন্ধকতা দৃশ্যমান নয় বা দেখে চিহ্নিত করা যায় না। তাই বর্তমান পুস্তিকাটি সাধারণ বিদ্যালয়ের শিক্ষকদের এবং স্পেশাল এডুকেটরদের সাহায্য করবে যাতে তারা শিশুদের প্রাথমিক স্তরে নিরীক্ষণ করে চিহ্নিত করতে পারেন এবং প্রয়োজনে আরও শনাক্তকরণের জন্য স্ক্রিনিং ও অ্যাসেসমেন্ট ক্যাম্পে পাঠাতে পারেন। শিক্ষকরা বিদ্যালয় চলাকালীন সময়ে খেলার মাঠ, লাইব্রেরি, ক্লাসরুম এবং অন্যান্য জায়গায় শিশুদের পর্যবেক্ষণ করার সর্বাধিক সুযোগ পান। এই দীর্ঘসময়ের পর্যবেক্ষণ তাদের বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতার সাথে সম্পর্কিত লক্ষণগুলি শনাক্ত করতে সহায়তা করবে। এই পুস্তিকাটির উদ্দেশ্য হল RPWD আইন, 2016 দ্বারা স্বীকৃত একুশ ধরনের প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের নিরীক্ষণের মাধ্যমে প্রাথমিকভাবে চিহ্নিত করা যাতে পরবর্তী শনাক্তকরণ প্রক্রিয়া ও শংসাপত্র দেওয়ার কাজটি দ্রুততর করা যায়। এই চেকলিস্টটি ব্যবহার করার সময় সাধারণ বিদ্যালয়ের শিক্ষকদের এবং বিশেষ শিক্ষকদের সতর্ক থাকা উচিত এবং সর্বদা মনে রাখা উচিত যে এটি শুধুমাত্র একটি প্রাথমিক স্ক্রিনিং-টুল এবং কোনো শিশুর প্রতিবন্ধকতা আছে কি না তা নিশ্চিত করার জন্য এটিকে একটি ডায়াগনস্টিক টুল হিসাবে ব্যবহার করা যাবে না।

# Preface

Persons with Disabilities (PwD) Act, 1995 was replaced by Rights of Persons with Disabilities (RPWD) Act, 2016 which recognises 21 disability conditions. The numerous newly added disability conditions like Specific Learning Disability, Mental Illness, Intellectual Disability, Autism are less known amongst the general population and hence often remain unidentified and sometimes misdiagnosed. Early identification and certification of CWSN is vital before seeking facilities and utilising provisions provided by government.

# ভূমিকা

প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার (Rights of Persons with Disabilities - RPWD) আইন, 2016 কার্যকরী হওয়ার পর প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তি (Persons with Disabilities - PwD) আইন, 1995 বাতিল হয়ে যায় । প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার (Rights of Persons with Disabilities - RPWD) আইন, 2016 একুশ ধরনের প্রতিবন্ধকতাকে স্বীকৃতি দিয়েছে । নির্দিষ্ট শেখার প্রতিবন্ধকতা (Specific Learning Disability), মানসিক অসুস্থতা (Mental Illness), বৌদ্ধিক প্রতিবন্ধকতা (Intellectual Disability), অটিজমের (Autism) মতো অনেক ধরনের প্রতিবন্ধকতা নতুন করে যোগ করা হয়েছে যেগুলি সম্পর্কে সাধারণ মানুষ কম জানে। তাই বেশিরভাগ ক্ষেত্রেই সেগুলি শনাক্তকরণ হয় না বা হলেও ভুল হয়। বিভিন্ন সরকারী সুযোগ- সুবিধাগুলি পেতে হলে বা সরকার প্রদত্ত বিধি-ব্যবস্থাগুলি ব্যবহার করতে হলে যত তাড়াতাড়ি সম্ভব প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের বা বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (Children with Special Needs - CWSN)-দের শনাক্তকরণ এবং শংসাপত্র প্রদান করা আবশ্যক।

# Acknowledgement

This Checklist as developed by NCERT in two parts has been translated and edited for the convenience of use by teachers of States and States-aided schools in West Bengal. Sections of the Checklist have been edited to meet the requirements of the States of West Bengal and its' teachers.

Part I of the document is to be used by teachers of the schools and Part II of the document is to be used by Special Educators to identifiy children with special needs (CWSN).

# কৃতজ্ঞতা স্বীকার

এই চেকলিস্টটি এনসিইআরটি দ্বারা তৈরি করা হয়েছে যা দুটি ভাগে বিভক্ত। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী বিদ্যালয়ের এবং সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের ব্যবহারের সুবিধার্থে এই পুস্তিকাটি বাংলায় অনুবাদ করা হয়েছে এবং তাদের প্রয়োজন অনুযায়ী সম্পাদনা করা হয়েছে।

প্রথম ভাগটি সাধারণ শিক্ষকদের ব্যবহারের জন্য এবং দ্বিতীয় ভাগটি স্পেশাল এডুকেটরদের ব্যবহারের জন্য যাতে তারা বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণের কাজটি করতে পারেন।

1. Foreword i
2. Preface ii
3. Acknowledgement iii
4. Why this booklet
5. Part 1 Instructions
6. Part 1 Checklist
7. Class-wise Data Consolidated Form
8. School data consolidation form

1. মুখবন্ধ
2. ভূমিকা
3. কৃতজ্ঞতা স্বীকার
4. কেন এই পুস্তিকা
5. প্রথম ভাগ নির্দেশাবলী
6. প্রথম ভাগ চেকলিস্ট
7. দ্বিতীয় ভাগ নির্দেশাবলী
8. দ্বিতীয় ভাগ চেকলিস্ট
9. ক্লাস-ভিত্তিক ডেটা / তথ্য একত্রীকরণ ফর্ম
10. বিদ্যালয়-ভিত্তিক ডেটা / তথ্য একত্রীকরণ ফর্ম

## Why this booklet?

Disability is a complex and multifaceted concept. The concept and meaning of disability differ across territories along with its legal, political and social constructs. It is generally viewed as a physical or mental condition(s), or both, that limit(s) an individual's movements, sense perceptions or activities. Persons with disabilities are forced to face a lot of discrimination due to pre-existing prejudices and biases in society. The most vulnerable area that falls prey to discrimination is "EDUCATION". Disabilities are incurable but early identification and intervention may facilitate optimum management and also prevent the consequent conditions from worsening.

In India, Rights of Persons with Disabilities (RPWD) Act, 2016 recognises 21 disability conditions. It has replaced Persons with Disabilities (PwD) Act, 1995 which recognised only 7 disability conditions. It is in harmony with the United Nations Conventions on the Rights of Persons with Disabilities (UNCRPD). Further it provides a legal framework, generates awareness about rights of persons with disabilities, and also promotes equity based inclusion.

The Right to Education (RTE) Act 2009 entitles Free and Compulsory education to all children, including Children with Special Needs CWSN). In the context of school, provisions of RPWD Act 2016 and RTE Act 2009, implies that all children with disabilities should be identified as early as possible, their special needs arising due to disabilities should be appropriately addressed and they should be supported to realize their full potential. Identification process of children with disabilities should begin ideally, at the moment of birth.

The field realities in the country however, provide ample number of cases, where children with disabilities remain unidentif IED, even after getting admission in school, due to lack of awareness among school functionaries and the general population. This primarily occurs in cases of disability conditions where symptoms completely lack, or have minimum, visual manifestations that can be easily identify IED by parents or teachers.

## কেন এই পুস্তিকা ?

প্রতিবন্ধকতা একটি জটিল এবং বহুমুখী ধারণা। প্রতিবন্ধকতার ধারণা এবং অর্থ বিভিন্ন অঞ্চলের আইনি, রাজনৈতিক এবং সামাজিক গঠনের জন্য ভিন্ন হয়। এটিকে সাধারণত শারীরিক বা মানসিক অবস্থা বা উভয় অবস্থা হিসাবে দেখা হয়, যা একজন ব্যক্তির গতিবিধি, ইন্দ্রিয় উপলব্ধি বা কার্যকলাপকে সীমাবদ্ধ করে। সমাজে বহুকাল থেকে বিদ্যমান কুসংস্কার এবং পক্ষপাতের কারণে প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিরা অনেক বৈষম্যের সম্মুখীন হতে বাধ্য হন। যে দিকটিতে সবচেয়ে বেশি বৈষম্য দেখা যায়, তা হলো "শিক্ষা"। তবে যে কোনো মানুষের ক্ষেত্রেই প্রতিবন্ধকতা হল স্থায়ী ক্ষতি। প্রাথমিক শনাক্তকরণ এবং প্রতিবন্ধকতার ধরনটি নির্ধারণ করার পর সঠিক সহায়ক পদ্ধতিগুলি কার্যকরী করলে পরিস্থিতি আরো খারাপ হওয়া প্রতিরোধ করা যেতে পারে।

ভারতে, প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার (RPWD) আইন, 2016, 21টি প্রতিবন্ধকতার ধরনকে স্বীকৃতি দেয়। এটি প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের (PwD) আইন, 1995 –কে প্রতিস্থাপন করেছে যেখানে প্রতিবন্ধকতার শুধুমাত্র 7টি ধরনকে স্বীকৃতি দেওয়া হয়েছিলো। এটি প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকারের উপর জাতিসংঘের কনভেনশন (UNCRPD) এর সাথে সামঞ্জস্যপূর্ণ। তা ছাড়াও, এটি একটি আইনি কাঠামো, যা, প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার সম্পর্কে সচেতনতা তৈরি করে এবং ন্যায়ভিত্তিক অন্তর্ভুক্তির কথা বলে।

শিক্ষার অধিকার (RTE) আইন 2009 সমস্ত বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ সকল শিশুর জন্য বিনামূল্যে এবং বাধ্যতামূলক শিক্ষার অধিকার প্রদান করেছে। বিদ্যালয়ের ক্ষেত্রে, RPWD আইন 2016 এবং RTE আইন 2009 অনুযায়ী সমস্ত প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের যত তাড়াতাড়ি সম্ভব চিহ্নিত করা উচিত, প্রতিবন্ধকতা সম্পর্কিত তাদের বিশেষ চাহিদাগুলি যথাযথভাবে সমাধান করা এবং তাদের সম্ভাব্য ক্ষমতা সম্পূর্ণ কাজে লাগানোর জন্য সাহায্য করা উচিত। জন্মের সময় থেকেই প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের শনাক্তকরণ শুরু হয়ে যাওয়া উচিত।

তবে, আমাদের দেশে বাস্তবে এমন প্রচুর ঘটনা ঘটে, যেখানে বিদ্যালয়ে ভর্তি হওয়ার পরেও বিদ্যালয়ের কর্মী এবং সাধারণ মানুষের মধ্যে সচেতনতার অভাবের কারণে প্রতিবন্ধকতাযুক্ত শিশুরা শনাক্ত হয় না। এটি মূলতঃ তখনই ঘটে, যখন প্রতিবন্ধকতার লক্ষণগুলি দেখে বোঝা যায় না বা লক্ষণগুলি ন্যূনতম মাত্রায় থাকার ফলে মা বাবা অথবা শিক্ষকরা সেগুলি সহজেই শনাক্ত করতে পারেন না। RPWD আইন 2016 দ্বারা স্বীকৃত প্রতিবন্ধকতার অবস্থা, যেমন শারীরিক অসুবিধা, অ্যাসিড আক্রমণের শিকার, বামনত্ব- এগুলি শনাক্ত করা

Disability conditions recognised by RPWD Act 2016, such as physical challenges, acid attacks, or dwarfism are easy to identify but disabilities like mental illness, specific learning disabilities or autism are comparably difficult to identify without appropriate training.

Needless to say that the early and appropriate identification of condition of disability facilitates implementation of required educational intervention. This in turn can bring a huge difference in the lives of children with disabilities. Need based interventions given as early as possible help them to grow with confidence and self-respect like any other children without disability. As a result, children with disabilities may become productive, respected and accepted members of society.

সহজ কিন্তু মানসিক অসুস্থতা, শেখার নির্দিষ্ট প্রতিবন্ধকতা বা অটিজমের মতো প্রতিবন্ধকতা যথাযথ প্রশিক্ষণ ছাড়া শনাক্ত করা তুলনামূলকভাবে কঠিন।

বলাবাহুল্য যে প্রতিবন্ধকতার অবস্থার প্রাথমিক এবং উপযুক্ত শনাক্তকরণের ফলে শিক্ষাসংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া সহজ হয়। এর ফলে প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের জীবনে ব্যাপক পরিবর্তন আসতে পারে। যত তাড়াতাড়ি সম্ভব যদি প্রয়োজনভিত্তিক পদক্ষেপগুলি নেওয়া যায় তাহলে এই শিশুরাও প্রতিবন্ধকতা নেই এমন শিশু অর্থাৎ অন্যান্য শিশুদের মতো আত্মবিশ্বাস ও আত্মসম্মানের সাথে বেড়ে উঠতে পারে। ফলস্বরূপ, প্রতিবন্ধকতাযুক্ত শিশুরাও উৎপাদনক্ষম, সম্মানিত এবং সমাজের স্বীকৃত সদস্য হয়ে উঠতে পারে।

## Why Teachers?

This screening tool is designed to be used by regular school teacher as they spend maximum time with students. In addition, they are in a position to see all children who are developing and functioning typically. Any child not developing typically is easily identified by the teachers and can be referred for diagnosis. Further the teacher can observe a child in different situations consistently over a period of time ranging from classroom, playground, co-curricular activities such as music, art and craft. The teachers are a contact point to the parents for eliciting more information if and when necessary.

## শিক্ষকরা কেন ?

এই স্ক্রিনিং টুলটি নিয়মিত সাধারণ বিদ্যালয় শিক্ষকদের ব্যবহার করার জন্য তৈরী করা হয়েছে কারণ তারা শিক্ষার্থীদের সাথে সবচেয়ে বেশি সময় কাটান। উপরন্তু, তারা এমন সব শিশুকেও দেখতে পান যারা সাধারণভাবে বেড়ে উঠছে ও কাজ করছে। কোনো শিশু যদি সাধারণভাবে বিকাশলাভ না করে, তা শিক্ষকদের চোখে সহজেই ধরা পড়ে এবং তারা তখন সেইসব শিশুর সঠিক পরিস্থিতি নির্ণয়ের জন্য তাকে রেফার করতে পারেন। তা ছাড়াও ক্লাসরুম, খেলার মাঠ, সঙ্গীত, শিল্পনৈপুণ্যের মতো সহ-পাঠ্যক্রমিক ক্রিয়াকলাপ থেকে শুরু করে বিভিন্ন পরিস্থিতিতে ধারাবাহিকভাবে একটি শিশুকে শিক্ষকরা পর্যবেক্ষণ করতে পারেন। প্রয়োজনে এবং সময় বিশেষে আরও তথ্য সংগ্রহের জন্য অভিভাবকদের কাছে শিক্ষকরাই একটি অন্যতম মাধ্যম।

## What is this screening tool?

This booklet contains checklists for the preliminary screening of students in school for further referral to assessment camps for disability certification with the help of regular teachers/ special educators/ counsellors/school heads/ school management committee. This tool has been divided into two parts

- Part I is for the use of regular teachers. It contains objective type items that need to be tick marked, and the data of such students to be handed over to school head/ special teachers for second level screening, using part 2 of this tool.

## এই স্ক্রিনিং টুল কী ?

এই পুস্তিকাটিতে সাধারণ শিক্ষক/ (স্পেশাল এডুকেটর/ কাউন্সেলর/ বিদ্যালয় প্রধান/ বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটির সহায়তায় বিদ্যালয় শিক্ষার্থীদের প্রতিবন্ধকতার শংসাপত্রের মূল্যায়ন শিবিরে পাঠানোর জন্য প্রাথমিক স্ক্রিনিংয়ের চেকলিস্ট রয়েছে। এই টুলকে দুটি ভাগে বিভক্ত করা হয়েছে

- প্রথম ভাগটি সাধারণ শিক্ষকদের ব্যবহারের জন্য। এটিতে অবজেক্টিভ টাইপ আইটেম রয়েছে যেগুলিতে টিকমার্ক করতে হবে এবং এই টুলের দ্বিতীয় ভাগ ব্যবহার করে এই জাতীয় ছাত্রদের বিষয়ে তথ্য দ্বিতীয় স্তরের স্ক্রিনিংয়ের জন্য বিদ্যালয়ের প্রধান/ (স্পেশাল এডুকেটরদের কাছে হস্তান্তরিত করা হবে।

- Part II is for the use of special educators/ counsellors/school heads for second level screening and tentative categorization of students under the 21 categories of disability conditions recognized by RPWD Act 2016 to facilitate further identification and certification of disabilities

**This is not to be used as a diagnostic tool to label a child as having a disability.**

If some children in the class seem to display lack of interest, low attention, appear distracted, not learning like other children, and seem to be sleepy and fatigued, exhibit challenging behaviours, these can all be due to either environmental or disability conditions. Generally, the teacher tends to label such children negatively as lazy, and mischievous, and so on.

Physically, some of these children may not seem to be like other children in the class. This does not necessarily mean that they have a disability. When the teacher uses this checklist, it will prevent them from jumping to inaccurate conclusions. Usage of this tool may facilitate clarity about the child's condition. Remember when the child is not able to learn it is not 'disobedience' as often perceived. The reason for not learning has to be investigated.

Points to remember while using this screening checklist

1. The observation should be made over a prolonged and consistent period of time in various situations.
2. While using this screening checklist consider whether the language used by the child at home is different from the medium of instruction used at school.
3. This screening checklist is only for screening and referral. Do not label or diagnose on the basis of this tool.
4. This screening checklist is prepared in the manner that it is user friendly, is in simple and clear language, assimilates and presents symptoms of the 21 disabilities, mentioned in the Rights of Persons with Disabilities Act 2016, which the teacher may come across in the classroom.

- দ্বিতীয় ভাগটি (স্পেশাল এডুকেটর/ কাউন্সেলর/ বিদ্যালয় প্রধানদের ব্যবহারের জন্য তৈরী। যাতে তারা RPWD আইন 2016 অনুযায়ী শিক্ষার্থীদের মধ্যে 21টি ধরনের প্রতিবন্ধকতা শনাক্তকরণের জন্য দ্বিতীয় স্তরের স্ক্রিনিং এবং প্রতিবন্ধকতার ধরন অনুযায়ী অস্থায়ী বিভাগ করতে পারেন। এর ফলে প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের শনাক্তকরণ এবং শংসাপত্র প্রদানে আরও সুবিধা হবে।

**এটি একটি শিশুকে প্রতিবন্ধকতাযুক্ত হিসাবে চিহ্নিত করার জন্য ডায়াগনস্টিক টুল হিসাবে ব্যবহার করা যাবে না।**

যদি ক্লাসের কিছু শিশুর মধ্যে আগ্রহের অভাব, কম মনোযোগ, কোনো কিছু করতে করতে বারবার অন্যদিকে মন চলে যাওয়ার প্রবণতা, অন্যান্য শিশুদের মতো সহজে না শেখা, ঘুম ঘুম ভাব ও ক্লান্ত থাকে বলে মনে হয় এবং আচরণগত সমস্যা থাকে, তবে এগুলি তাদের পরিবেশগত কারণে বা প্রতিবন্ধকতার কারণে হতে পারে। সাধারণত, শিক্ষকরা এইধরনের শিশুদের নেতিবাচকভাবে অলস, দুষ্টু ইত্যাদি বলে আখ্যা দেন।

শারীরিকভাবে, এই শিশুদের মধ্যে কয়েকজনকে ক্লাসের অন্যান্য শিশুদের মত মনে হবে না। এর মানে এই নয় যে তাদের প্রতিবন্ধকতা আছে। শিক্ষকরা যখন এই চেকলিস্টটি ব্যবহার করবেন, তখন প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের শনাক্তকরণর ক্ষেত্রে তারা আর ভুল সিদ্ধান্ত নেবেন না। এই টুলের ব্যবহার শিশুর অবস্থা সম্পর্কে স্পষ্টতা আনবে। মনে রাখবেন, শিশু যখন শিখতে পারে না তখন তাকে প্রায়শঃই 'অবাধ্যতা' বলে ধরে না নিয়ে শিশুর না শেখার কারণ অনুসন্ধান করতে হবে।

এই স্ক্রিনিং চেকলিস্ট ব্যবহার করার সময় যে বিষয়গুলি মনে রাখতে হবে

1. পর্যবেক্ষণটি বিভিন্ন পরিস্থিতিতে পর্যাপ্ত সময় নিয়ে এবং ধারাবাহিকভাবে করা উচিত।
2. এই স্ক্রিনিং চেকলিস্টটি ব্যবহার করার সময় দেখে নেবেন, বাড়িতে শিশুটি যে ভাষায় কথা বলে, তা বিদ্যালয়ের নির্দেশে ব্যবহৃত ভাষার থেকে আলাদা কিনা।
3. এই স্ক্রিনিং চেকলিস্ট শুধুমাত্র স্ক্রিনিং এবং রেফারেলের জন্য। এই টুলের ভিত্তিতে প্রতিবন্ধকতা নির্ণয় করা যাবে না।
4. এই স্ক্রিনিং চেকলিস্টটি ব্যবহারকারীদের যাতে সুবিধা হয়, তেমনভাবে তৈরি করা হয়েছে। এটি সহজ এবং স্পষ্ট ভাষায়, প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের অধিকার আইন 2016-এ উল্লিখিত 21টি প্রতিবন্ধকতার উপসর্গগুলিকে একীভূত করে উপস্থাপন করেছে। শিক্ষকরা এই বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতা তাঁদের শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের পেতে পারেন।

## " Part I"

To be filled by content / class teachers

## "প্রথমভাগ"

এই ভাগটি শ্রেণীশিক্ষক পূরণ করবেন

## Part I

## How to use this screening tool

### Guidelines for School Heads

1. School Heads should ensure that the general teacher is properly oriented by Special Educator/ Resource Teachers/IE Coordinators/SCERT/ DIET/ Counsellors, in the use of this checklist/ booklet for initial screening of students. For this one day, or half day orientation meeting/workshop/ discussion can be organized in the school.
2. Each regular teacher is to be given at least three photocopies of part I of the checklist. More may be provided as per the requirement.
3. The School Head should collect all the checklists filled by the regular/general teachers.
4. 4. The School Head should refer all the filled checklists to Special Educator/Resource Teachers/counsellors for further assessment, and tentative listing under the appropriate disability category for further diagnosis as mentioned in part 2 of the screening booklet.
5. In case there are no Special Educators/Resource teachers/ counsellors in the schools, School Head should do the second level screening with the help of parents/guardian/ SMCs of nearby Primary Health Centers (PHC) for further assessment।

## প্রথম ভাগ

## এই স্ক্রিনিং টুল কীভাবে ব্যবহার করতে হবে?

### বিদ্যালয় প্রধানদের জন্য নির্দেশিকা

1. বিদ্যালয় প্রধানদের নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থীদের প্রাথমিক স্ক্রিনিং করার জন্য এই চেকলিস্ট/পুস্তিকা ব্যবহার করার ক্ষেত্রে সাধারণ শিক্ষকরা, (স্পেশাল এডুকেটর/ রিসোর্স শিক্ষক/IE কো অর্ডিনেটর/SCER/ DIET/ কাউন্সেলরদের থেকে সঠিক নির্দেশ পেয়েছেন। এর জন্য বিদ্যালয়ে একদিন বা অর্ধ-দিনের ওরিয়েন্টেশন মিটিং/ ওয়ার্কশপ/ আলোচনার আয়োজন করা যেতে পারে।
2. প্রতিটি সাধারণ শিক্ষককে চেকলিস্টের প্রথম অংশের কমপক্ষে তিনটি ফটোকপি দিতে হবে। প্রয়োজন অনুযায়ী আরো দেওয়া যেতে পারে।
3. বিদ্যালয় প্রধানের উচিত সাধারণ শিক্ষকদের দ্বারা পূরণ করা সমস্ত চেকলিস্ট সংগ্রহ করা।
4. স্ক্রিনিং পুস্তিকার দ্বিতীয় ভাগ-এ উল্লিখিত পরবর্তী ডায়াগনসিসের জন্য সমস্ত পূরণ করা চেকলিস্টগুলিকে বিদ্যালয় প্রধানের আরও মূল্যায়নের জন্য (স্পেশাল এডুকেটর/ রিসোর্স শিক্ষক/ কাউন্সেলরদের কাছে উপযুক্ত প্রতিবন্ধকতা শ্রেণীবিভাগ সম্ভাব্য তালিকাভুক্ত করার জন্য পাঠাতে হবে।
5. যদি বিদ্যালয়গুলিতে কোনও (স্পেশাল এডুকেটর/ রিসোর্স শিক্ষক/ কাউন্সেলর না থাকেন, তাহলে আরও উপযুক্ত স্ক্রিনিং-এর জন্য বিদ্যালয়প্রধানের উচিত বাবা-মা/ অভিভাবক/ নিকটবর্তী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের SMC-দের সাহায্যে দ্বিতীয়স্তরের স্ক্রিনিং করা।

### Guideline for class/subject teachers

1. Before using this checklist, attend the orientation meeting/workshop and read the document carefully.
2. This screening checklist (part 1) is to be used for students who appear not to be learning or participating or appear to be facing difficulties in academic, social, behavioral, mobility and orientation.
3. Checklist (part 1) should be used by concerned class teachers with the help of subject teachers if required.

### ক্লাস/বিষয় শিক্ষকদের জন্য নির্দেশিকা

1. এই চেকলিস্ট ব্যবহার করার আগে, ওরিয়েন্টেশন মিটিং/ কর্মশালায় যোগ দিন এবং ডকুমেন্ট/ নথিটি মন দিয়ে পড়ুন।
2. এই স্ক্রিনিং চেকলিস্ট (প্রথম ভাগ) এমন শিক্ষার্থীদের জন্য ব্যবহার করা হবে যারা শিখছে না বা অংশগ্রহণ করছে না বা যারা শিক্ষাগত, সামাজিক, আচরণগত, এবং শারীরিকভাবে অংশগ্রহণের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হচ্ছে বলে মনে হচ্ছে।
3. প্রয়োজনে অবশ্যই বিষয় শিক্ষকদের সাহায্যে সংশ্লিষ্ট ক্লাস টিচাররা চেকলিস্ট (প্রথম ভাগ) ব্যবহার করবেন।

4. One checklist (part 1) should be used for one student only.

5. This checklist (part 1) should be used only for tentative screening and further referral assessment purposes.

6. This is not the diagnostic checklist therefore teachers should not label the students as disabled.

7. Teacher should tick ( )/ “YES” to the questions given in checklist according to their observation of the students.

8. Teacher should inform the parents/guardian of screened students with the help of School Heads for sharing their observations regarding their child and further referral assessment purposes.

9. Teacher should screen the students by thorough observation of students’ academic, social, behavioral, mobility and orientation activities in different contexts for at least a month.

10. The teachers should keep the information of screened students confidential and only share with concerned parents/guardian and authority.

**Guidelines for Special Educators/Resource Teachers/Counsellors**

1. Orient the general/regular teachers for using the screening checklist (part 1).

2. Assess those students, who are initially screened by general teachers, and place them in tentatively appropriate category of disability for further referral and assessment.

3. Tentatively categorize initially screened students by the general teacher for further referral.

4. To provide counseling and guidance to the teachers and parents/guardian of the screened students

4. একটি চেকলিস্ট (প্রথম ভাগ) শুধুমাত্র একজন শিক্ষার্থীর জন্য ব্যবহার করা উচিত।

4. এই চেকলিস্ট (প্রথম ভাগ) শুধুমাত্র প্রাথমিক স্ক্রিনিং এবং পরবর্তী রেফারেলের উদ্দেশ্যে ব্যবহার করা উচিত।

6. এটি ডায়াগনস্টিক চেকলিস্ট নয় তাই শিক্ষকরা শিক্ষার্থীদের প্রতিবন্ধকতাযুক্ত হিসাবে লেবেল করবেন না / দাগিয়ে দেবেন না।

7. শিক্ষকের উচিত শিক্ষার্থীদের পর্যবেক্ষণ অনুযায়ী চেকলিস্টে দেওয়া প্রশ্নগুলিতে ( ✓ )/ “হ্যাঁ” বলতে টিক চিহ্ন দেওয়া।

8. শিক্ষকরা অবশ্যই স্ক্রীন করা শিক্ষার্থীদের বিষয়ে তাদের পর্যবেক্ষণ এবং আরও রেফারেলের প্রয়োজন সম্পর্কে বিদ্যালয় প্রধানদের সাহায্যে অবশ্যই শিক্ষার্থীর মা বাবা/ অভিভাবকদের জানাবেন।

9. শিক্ষককে, অন্তত একমাসের জন্য শিক্ষাগত, সামাজিক, আচরণগত, গতিশীলতা এবং ওরিয়েন্টেশন কার্যক্রমের বিভিন্ন প্রেক্ষাপটে পুঙ্খানুপুঙ্খ পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের স্ক্রীন করা উচিত।

10. শিক্ষকদের উচিত স্ক্রীন করা শিক্ষার্থীদের তথ্য গোপন রাখা এবং শুধুমাত্র সংশ্লিষ্ট মা বাবা/ অভিভাবক এবং কর্তৃপক্ষের সাথে আলোচনা করা।

**(স্পেশাল এডুকেটর/ রিসোর্স শিক্ষক/ কাউন্সেলরদের জন্য নির্দেশিকা**

1. স্ক্রিনিং চেকলিস্ট ব্যবহার করার জন্য সাধারণ শিক্ষকদের প্রস্তুত করুন (প্রথম ভাগ)।

2. সেই সমস্ত শিক্ষার্থীদের অ্যাসেস করুন, যাদের সাধারণ শিক্ষকরা প্রাথমিকভাবে স্ক্রীন করেছেন, সেই সমস্ত শিক্ষার্থীদের নিরীক্ষণ করুন ও তাদের জন্য অস্থায়ীভাবে প্রতিবন্ধকতার শ্রেনীবিভাগ করে রাখুন যাতে পরবর্তী রেফারেল এবং অ্যাসেসমেন্টের জন্য পাঠাতে পারেন।

3. প্রাথমিকভাবে স্ক্রীন করা শিক্ষার্থীদের পরবর্তী রেফারেলের জন্য সাধারণ শিক্ষকদের সাহায্যে শ্রেণীবিভক্ত করুন (কার কোন ধরনের প্রতিবন্ধকতা আছে, সেই অনুযায়ী )।

4. স্ক্রীন করা শিক্ষার্থীদের শিক্ষক এবং মা বাবা/ অভিভাবকদের কাউন্সেলিং এবং উপযুক্ত পরামর্শ দিন।

## প্রথম ভাগ: ফর্ম
(শ্রেণী/ বিষয় শিক্ষক / শিক্ষিকারা পূরণ করবেন)

## PART I: FORM
(to be filled by class/subject teachers)

শিক্ষার্থীর নাম:/Name of student:

শ্রেণী/ ক্লাস:
Class:

বয়স:
Age:

লিঙ্গ:
Gender:

বিদ্যালয়: / School:

বাবার নাম: / Name of father:

মায়ের নাম: / Name of mother:

নির্দেশ / **Instruction**

অনুগ্রহ করে প্রযোজ্য বিষয়গুলির পাশে (✔) চিহ্ন দিন

Kindly place (✔) against the items applicable

| ক্রমিক সংখ্যা / S. NO. | বিষয় / ITEMS | (✔) |
|---|---|---|
| 1.1 | এই শিক্ষার্থীর কি হাঁটতে অসুবিধা হয় বা হাঁটা/ সিঁড়ি ওঠার জন্য সাহায্যের প্রয়োজন হয়?<br>Does this student has difficulty in walking or needs support to walk/ climb stairs? | ☐ |
| 1.2 | এই শিক্ষার্থীর কি শরীরের বা হাতের কোন অংশ নড়াচড়া করতে/ ব্যবহার করতে অসুবিধা হয় (লেখার জন্য/ নিজে হাতে খাওয়ার জন্য)?<br>Does this student have difficulty in moving/using any part of the body or hands (for writing/self-feeding)? | ☐ |
| 1.3 | এই শিক্ষার্থীর কি কোনো অঙ্গ বিকৃতি আছে যেমন ঘাড়/মেরুদন্ড/ কোমর/পিঠ বা শরীরের কোনো অঙ্গ অনুপস্থিত যেমন হাত/ আঙুল/পা?<br>Does this student have observable deformity /missing any body parts such as neck/hands/finger/waist/legs/spine/back? | ☐ |
| 2.1 | এই শিক্ষার্থীর কুষ্ঠরোগ হয়েছিল? এখন কি সেরে গেছে? অনুগ্রহ করে চিকিৎসার সংক্ষিপ্ত তথ্যগুলি বলুন ও সেই সংক্রান্ত কাগজপত্র দেখান। (কাগজপত্রের প্রত্যায়িত নকল সংযুক্ত করুন)।<br>Is this child leprosy cured? Kindly provide (attach) brief history of treatment. | ☐ |

| | | |
|---|---|---|
| 3.1 | এই শিক্ষার্থীর কি অঙ্গ-প্রত্যঙ্গে শক্তভাব/ থলথলে বা নরম ভাব রয়েছে এবং/ অথবা অঙ্গ-প্রত্যঙ্গে ঝাঁকুনি/ টলমলে হাঁটা/ অনিয়ন্ত্রিত নড়াচড়া হয়?<br>Does this child have stiffness/floppiness in limbs and/or jerky movement in limbs/ jerky walking pattern/ involuntary (uncontrolled) movements? | ☐ |
| 3.2 | এই শিক্ষার্থীর কি দৈনন্দিন কাজগুলি নিজে করতে যেমন খাওয়া/ শৌচকর্ম / পরিষ্কার হওয়া / হাতে জিনিসপত্র ধরা এবং রাখা/ কাঁচি দিয়ে কিছু কাটা ও আঠা দিয়ে লাগানোর ক্ষেত্রে সমস্যা আছে?<br>Does this student have problems in self-help skills/ toileting, washing/ eating / holding and placing objects/ cutting, pasting? | ☐ |
| 3.3 | এই শিক্ষার্থীর কথা কি অস্পষ্ট বা মুখ থেকে লালা ঝরে?<br>Does thisstudent have slurred (unclear) speech or drooling? | ☐ |
| 4.1 | এই শিক্ষার্থী কি তার বয়সের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেঁটে/ খর্বকায়?<br>Is this child significantly shorter for his/her age? | ☐ |
| 4.2 | এই শিক্ষার্থীর কি অস্বাভাবিক বড় মাথা/ বাঁকা পা / ছোট আঙ্গুল বা ছোটো ঘাড়?<br>Does this student have a disproportionately large head/ bowed legs/ short fingers/ neck? | ☐ |
| 5.1 | এই শিক্ষার্থী কি ঘন ঘন পড়ে যায় এবং শোওয়া থেকে উঠে বসতে অসুবিধা হয়?<br>Does this student fall frequently and has difficulty getting up from a lying or sitting position? | ☐ |
| 5.2 | এই শিক্ষার্থী কি তার পায়ের আঙ্গুলের উপর হাঁটে?<br>Does this student walk on his/her toes? | ☐ |
| 6.1 | এই শিক্ষার্থী কি অ্যাসিড অ্যাটাক সারভাইভার? ঘটনা ও চিকিৎসা সংক্ষেপে বর্ণনা করুন।<br>Is this child an acid attack survivor? Briefly describe the incident and treatment. | |
| 7.1 | এই শিক্ষার্থী কি দুটি চোখেই কিছু দেখতে পায় না?<br>Is this child unable to see anything using both eyes? | ☐ |
| 8.1 | এই শিক্ষার্থীর কি কম আলোয় দেখতে অসুবিধা হয়? বা ভাল করে দেখার জন্য আলোর উৎসের দিকে যেতে চায়?<br>Does this student have difficulty in seeing in situations of low lights or moves towards source of light? | ☐ |

| | | |
|---|---|---|
| 8.2 | এই শিক্ষার্থীর কি ঘন ঘন চোখের পাতা পড়ে বা চোখ পিট পিট করে/চোখ ঘষে বা চোখের চারপাশে জ্বালাপোড়া বা চুলকানি হয়/ ঘন ঘন মাথা ব্যথার অভিযোগ করে?<br>Does this student blink/rub his/her eyes frequently or complain about burning sensation or itchiness in or around the eyes / frequent headache? | ☐ |
| 8.3 | এই শিক্ষার্থী কি পড়ার সময় বই খুব দূরে বা খুব কাছে ধরে রাখে?<br>Does this student hold a book too far or too close while reading? | ☐ |
| 8.4 | এই শিক্ষার্থীর কি পড়ার সময় অসুবিধা হয় (লাইন ভুল করে বা মাঝের লাইন বাদ দিয়ে যায়, শব্দ বাদ দেয়, শব্দ যোগ করে, লেখার লাইন বরাবর মাথা সরায়)<br>Does this student face difficulties while reading (misplaces the line or skips lines in between, omits words, add words, moves head along the text) | ☐ |
| 8.5 | এই শিক্ষার্থী বিশেষ কিছু কাজ যেখানে চোখের দৃষ্টির প্রয়োজন হয় তা এড়িয়ে চলে? যেমন পড়া, রঙ করা, লেখা? বা ব্ল্যাকবোর্ড দেখে না লিখে সে কি সমবয়সীদের থেকে লেখাটা টুকে নিতে বেশি পছন্দ করে?<br>Does this student avoid engaging in activities requiring visual focus such as reading or colouring or writing/copying from blackboard or prefer to copy from peers? | ☐ |
| 8.6 | এই শিক্ষার্থী কি পড়ার সময় বা কাছাকাছি বস্তুর উপর নজর দেওয়ার সময় একটি চোখ বন্ধ করে বা ঢেকে রাখে?<br>Does this student close or cover one eye while reading or focusing on close objects? | ☐ |
| 8.7 | এই শিক্ষার্থীর চোখে কি গঠনগত ত্রুটি, ট্যাঁরাভাব আছে?<br>Does this student have misaligned eyes (asymmetrical or squint) or have abnormal eyes? | ☐ |
| 9.1 | এই শিক্ষার্থী কি কথোপকথনের সময় বক্তার দিকে নিজের কান ঘুরিয়ে দেয় বা কথা বোঝার জন্য বক্তার মুখ (ঠোঁট নাড়া) দেখে?<br>Does this student turn head to position ear in the direction of the speaker or purposefully watch faces of the speaker during a conversation? | ☐ |
| 9.2 | এই শিক্ষার্থীকে নাম ধরে ডাকলে কি সাড়া দেয় না?<br>Does this student not respond when addressed or called out? | ☐ |
| 9.3 | এই শিক্ষার্থী কি অস্বাভাবিকভাবে উঁচু স্বরে কথা বলে বা প্রায়শই শব্দের ভুল উচ্চারণ করে?<br>Does this student use unusually loud voice while speaking or often mispronounce words? | ☐ |
| 9.4 | এই শিক্ষার্থী কি প্রায়ই ডিক্টেশন বা মৌখিক নির্দেশের সময় বার বার বলতে বলে?<br>Does this student frequently ask for repetition during dictation or verbal instruction? | ☐ |
| 9.5 | এই শিক্ষার্থীর কি বিদ্যালয়ের ঘন্টা, লোকজনের ডাক ইত্যাদি পরিবেশের শব্দ শুনতে সমস্যা হয়? উচ্চ শব্দে চমকে ওঠে না/আশ্চর্য হয় না?<br>Does this student have problems in hearing environmental sounds such as school bell, people calling or is not startled / surprised by loud noises? | ☐ |

| | | |
|---|---|---|
| 10.1 | এই শিক্ষার্থী কি শব্দ বা শব্দের অংশগুলি বার বার বলে বা সংক্ষিপ্ত করে বলে? একটি বাক্যকে ভেঙ্গে ভেঙ্গে বলে?<br>Does this student repeat words or parts of words or speak in short, fragmented phrases? | ☐ |
| 10.2 | এই শিক্ষার্থী কথা বলার সময় তোতলায় বা অস্পষ্টভাবে কথা বলে?<br>Does this student stammer while speaking or speak unclearly? | ☐ |
| 11.1 | এই শিক্ষার্থীর কি অন্যদের সাথে যোগাযোগ বা সামাজিক মেলামেশায় অসুবিধা হয়?<br>Does this student have difficulty in communicating or socializing with others? | ☐ |
| 11.2 | এই শিক্ষার্থীর কি দৈনন্দিন কাজগুলি যেমন হোমওয়ার্ক শেষ করতে/ শিক্ষকের নির্দেশ পালন করতে অসুবিধা হয়? সে কি সাহায্য ছাড়া ওয়াশরুম ব্যবহার করতে পারে?<br>Is this student unable to do everyday tasks like finishing homework/ following instruction/directions of the teacher or even using the washroom without help? | ☐ |
| 11.3 | এই শিক্ষার্থী কি স্থান-কাল (খেলারমাঠ / ক্লাসরুম /বাড়ি) নির্বিশেষে নিজের পছন্দমতো আচরণ করে, উদাহরণস্বরূপ, প্রায়শই অনুমতি ছাড়াই ক্লাসের বাইরে চলে যায়, বারবার কথা বলে এবং অন্যের কথার মাঝে বাধা দিতে থাকে?<br>Does this student behave in a way he/she likes irrespective of the context (playground/classroom/home) for example, frequently walks out of the class without permission, speaks out of turn and keeps interrupting? | ☐ |
| 11.4 | এই শিক্ষার্থীর কি এক পরিস্থিতিতে/ প্রেক্ষাপটে যা শিখেছে তা সফলভাবে অন্য জায়গায় প্রয়োগ করতে অসুবিধা হয়? উদাহরণস্বরূপ, সে কাগজে লিখে যোগ করতে পারে, কিন্তু যখন তাকে মুখে জিজ্ঞাসা করা হয় 'যদি 5টি কলা এবং 3টি আম থাকে, তাহলে মোট কতগুলি ফল আছে' তখন কি সে উত্তর দিতে পারে না?<br>Does this student have difficulty in applying what is learned successfully in one situation/context to another? For example, she/he is able to do addition sums in paper but unable to answer when asked 'if there are 5 bananas and 3 mangoes, how many fruits are there in total'? | ☐ |
| 12.1 | এই শিক্ষার্থী কি প্রত্যাশিত গতির চেয়ে ধীরে পড়ে বা লেখে?<br>Does this student read or write slower than the average/expected speed? | ☐ |
| 12.2 | এই শিক্ষার্থীর কি পর্যাপ্ত অভ্যাস এবং অনুশীলনের পরেও হাতের লেখা বোঝা যায় না<br>Does this student have poor handwriting that lacks clarity even after sufficient practice and exercises? | ☐ |
| 12.3 | নিজে পড়ে অর্থ বুঝতে এই শিক্ষার্থীর কি সবসময় অসুবিধা হয়?<br>Does this student have continuous difficulties in understanding the meaning of what is read? | ☐ |
| 12.4 | এই শিক্ষার্থীর কি একাধিকবার শেখানোর পরেও শেখা শব্দের বানান/ ব্যাকরণ/ বিরামচিহ্ন/ গঠন মনে করতে অসুবিধা হয়?<br>Does this student exhibit difficulty in recalling the spellings of learnt words/ grammar/ punctuation/ organization, even after teaching multiple times? | ☐ |

| | | |
|---|---|---|
| 12.5 | এই শিক্ষার্থীর মনোযোগ কি তুলনামূলকভাবে কম? বা সে কি একটি কাজে মনোনিবেশ করতে পারে না ?<br>Does this student has comparatively short attention span or is unable to concentrate on a task? | ☐ |
| 12.6 | এই শিক্ষার্থীর কি নিজেকে গুছিয়ে নিতে বা একটি কাজ সময়মতো শেষ করতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty in organizing himself/herself to complete a task on time? | ☐ |
| 12.7 | এই শিক্ষার্থীর কি দিক (বাম-ডান/উপর-নিচে/সামনে-পিছনে) নির্ণয়ে অসুবিধা হয়?<br>Does this student lack sense of direction (left-right/ up-down/front-back)? | ☐ |
| 12.8 | এই শিক্ষার্থী কি প্রায়ই লেখার সময়"p" এর পরিবর্তে "q" লেখে, বা b/d, u/v, w/m, च/ज, प/त, এইসব অক্ষর বা চিহ্ন বা শব্দ বা সংখ্যাগুলি উল্টে লেখে?<br>Does this student reverse letters or symbols or words or numbers while writing, for example, writing "q" instead "p" or b/d, u/v, w/m, च/ज, प/त, frequently? | ☐ |
| 12.9 | এই শিক্ষার্থী যে ভুলগুলি করে, তার কি একটি নির্দিষ্ট প্যাটার্ন আছে বা সে ধারাবাহিকভাবে এই ভুলগুলি করে?<br>Do the errors committed by this student have a particular pattern or consistency? | ☐ |
| 12.10 | এই শিক্ষার্থীর কি গাণিতিক চিহ্ন যেমন +, -, x, / বুঝতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty in understanding mathematical symbols such as +, -, x, /? | ☐ |
| 13.1 | এই শিক্ষার্থীর কি চোখে চোখ রাখতে বা বক্তার দিকে তাকাতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty in making eye contact or looking at the speaker? | ☐ |
| 13.2 | এই শিক্ষার্থী কি শব্দ অথবা বাক্য শুনে সেটারই পুনরাবৃত্তি করে? উদাহরণস্বরূপ, 'তোমার নাম কী?' জিজ্ঞাসা করা হলে তার নাম বলার পরিবর্তে ' তোমার নাম কী?' এই বাক্যটি বার বার বলে?<br>Does this student echo or repeat words? For example, on being asked<br>'what is your name?' will repeat 'what is your name?' instead of telling his/her name? | ☐ |
| 13.3 | এই শিক্ষার্থীর কি সামাজিক যোগাযোগ স্থাপন করতে / বন্ধুত্ব করতে/ বন্ধু বা সহপাঠীদের সাথে খেলতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty in interacting/making friends/playing with peer group/classmates? | ☐ |
| 13.4 | শিক্ষার্থীর কি সে যে রুটিনে অভ্যস্ত তার পরিবর্তন হলে, মানিয়ে নিতে অসুবিধা হয় যেমন, ক্লাসশিক্ষকের /ক্লাসরুমের / সময়সূচী/ বসার ব্যবস্থায় পরিবর্তন?<br>Does this student find it difficult to deal with sudden changes in routine for example, change in class teacher/change in classroom /timetable / seating arrangement? | ☐ |

| | | |
|---|---|---|
| 13.5 | এই শিক্ষার্থী কি বার বার হাত ঝাঁকানো, মাথা নাড়ানো, আঙুলের নড়াচড়া, শরীর দোলায়? বা কথার (আওয়াজ/শব্দ/শব্দবন্ধ) পুনরাবৃত্তি করে?<br>Does these student exhibit repetitive mannerisms like hand flapping, nodding head, finger movement, and rocking body, vocal repetitions (sounds/words/ phrases)? | ☐ |
| 13.6 | এই শিক্ষার্থী গুণতে পারে (উদাহরণস্বরূপ 1-100) কিন্তু তার কাছে দুটি পেন্সিল/ তিনটি কলম চাইলে সে দিতে পারে না?<br>Is this student able to count (for example 1-100) but is not able to give two pencils/three pens when asked? | ☐ |
| 13.7 | এই শিক্ষার্থীর কি দলগত কাজের ক্ষেত্রে নির্দেশ অনুসরণ করতে অসুবিধা হয় এবং নাম ধরে তাকে নির্দিষ্ট করে বললে সে নির্দেশ পালন করতে পারে? যেমন পুরো ক্লাসকে 'তোমাদের অঙ্ক বই খোলো', বললে এই শিশুটিকে নির্দিষ্ট করে বলার প্রয়োজন হতে পারে 'রোহিত, তোমার অঙ্ক বই খোলো'?<br>Does this student have difficulties in following group instructions and require specific individual instructions by name, for example while instructing the whole class 'open your mathematics books', this child may require 'Rohit, open your mathematics book' ? | ☐ |
| 13.8 | গল্প বলার সেশন চলাকালীন, অন্য সবাই মনোযোগ সহকারে শোনে কিন্তু এই শিক্ষার্থীটি কি আগ্রহী হয় না?<br>During story telling session, does this student appear not interested while all others are listening keenly? | ☐ |
| 13.9 | এই শিক্ষার্থী কি সর্বনাম ব্যবহার করা এড়িয়ে যায় যেমন, যখন শিক্ষক জিজ্ঞেস করেন 'তুমি কি তোমার হোমওয়ার্ক নিয়ে এসেছো' শিক্ষার্থী উত্তর দেয় 'তুমি তোমার হোমওয়ার্ক নিয়ে এসেছো বা নিজের নাম ব্যবহার করে বলে 'রানী হোমওয়ার্ক নিয়ে এসেছে'?<br>Does this child reverse pronoun or avoid using pronoun for example, when teacher ask 'have you brought your homework' the child responds 'you brought your homework/ Rani brought your homework'? | ☐ |
| 13.10 | এই শিক্ষার্থী কি সাবলীলভাবে পড়তে এবং মুখস্থ বলতে সক্ষম কিন্তু তার নিজের কথায় বর্ণনা করতে (মৌখিকভাবে/ লিখতে) সক্ষম নয়?<br>Is this student able to read fluently and repeat verbatim but not able to narrate (orally/write) in his/her own words? | ☐ |
| 14.1 | এই শিক্ষার্থীকে কি প্রায়ই দুঃখিত দেখায় নবাস্তবের থেকে নিজেকে দূরে রাখে বলে মনে হয় বা ঘন ঘন তার মেজাজের পরিবর্তন হয় বা মনোযোগ দিতে বা নিজের জায়গায় বসে থাকতে সমস্যা হয়?<br>Does this student often appear sad or seems withdrawn or has severe mood swings or have trouble in focusing or staying in her/his own seat? | ☐ |
| 14.2 | এই শিক্ষার্থীর কি হঠাৎ কোনো উপযুক্ত কারণ ছাড়াই ওজন কমেছে বা ওজন বেড়ে গেছে?<br>Does this student have an unexplained weight loss or weight gain? | ☐ |
| 14.3 | এই শিক্ষার্থী কি প্রায়ই মাথা ব্যথা এবং পেট-ব্যথার অভিযোগ করে?<br>Does this student complain frequently about aches such as headaches and stomach-aches? | ☐ |

| | | |
|---|---|---|
| 14.4 | এই শিক্ষার্থী কি প্রায়ই আত্মহত্যার চিন্তাভাবনা করে বা সে আত্মহত্যার চেষ্টা করার বিষয়ে কথা বলে বা নিজের শরীর কেটে বা পুড়িয়ে নিজেকে আঘাত করে?<br>Does this student often have suicidal thoughts or talk about attempting suicide or indulge in self-harm activities such as making cut marks or burning? | ☐ |
| 14.5 | এই শিক্ষার্থী কি মাদক বা অ্যালকোহল সেবনের সাথে জড়িত বলে মনে হয়?<br>Does this student appear to be involved in drugs or alcohol use? | ☐ |
| 14.6 | এই শিক্ষার্থী কি বাস্তব থেকে বিচ্ছিন্ন বলে মনে হয় এবং একটি কাল্পনিক জগতে বাস করে, উদাহরণস্বরূপ, কাল্পনিক বন্ধুদের সাথে কথা বলে (এটি তার কাছে মনগড়া খেলা নয়)।<br>Does this student appear to be detached from reality and live in an imaginary world, for example, talking to imaginary friends (that is not make-believe play) | ☐ |
| 14.7 | কোন নির্দিষ্ট কারণ ছাড়াই কি এই শিক্ষার্থী খুব ভয় পায়?<br>Does this student appear to have intense feelings of fear without any specific reason? | ☐ |
| 14.8 | এই শিক্ষার্থীর কি আচরণ বা ব্যক্তিত্বে তীব্র পরিবর্তন দেখা যায়, উদাহরণস্বরূপ, ঘনঘন মারপিট করা, অস্ত্র ব্যবহার করা এবং অন্যদের গুরুতরভাবে আঘাত করার ইচ্ছা প্রকাশ করা? এই শিক্ষার্থীর কি আচরণ বা ব্যক্তিত্বে তীব্র পরিবর্তন দেখা যায়, উদাহরণস্বরূপ, ঘনঘন মারপিট করা, অস্ত্র ব্যবহার করা এবং অন্যদের গুরুতরভাবে আঘাত করার ইচ্ছাপ্রকাশ করা?<br>Does this student exhibit drastic changes in behaviour or personality, for example, fighting frequently, using weapons and expressing a desire to seriously hurt others? | ☐ |
| 15.1 | এই শিক্ষার্থীর কি খিঁচুনি হয় (পেশীর ছন্দবদ্ধ সংকোচন এবং শিথিলকরণ)?<br>Does this student get tremors (rhythmic contraction and relaxation of muscle)? | ☐ |
| 15.2 | অন্যান্য শিক্ষার্থীদের তুলনায়, এই শিক্ষার্থী কি সহজেই ক্লান্ত বা অবসন্ন হয়ে পড়ে?<br>In comparison to other students, does this student get easily tired or fatigued? | ☐ |
| 16.1 | এই শিক্ষার্থীর কি কাটা বা আঘাতের ফলে মাত্রাতিরিক্ত রক্তক্ষরণ হয়েছে বা অনেক বড় বা গভীর ক্ষত আছে বা কোনো কারণ ছাড়াই নাক দিয়ে ঘনঘন/ অস্বাভাবিক রক্তপাত হচ্ছে?<br>Does this student have unexplained and excessive bleeding from cuts or injuries or have many large or deep bruises or have frequent/ unusual nosebleeds without a known cause? | ☐ |
| 17.1 | এই শিক্ষার্থীর কি পেট/হাত/পা ফুলে যায় বা ঘন ঘন জ্বর হয়?<br>Does this student have swelling in abdomen/hands/feet or have frequent fever? | ☐ |
| 18.1 | এই শিক্ষার্থীর কি দুই বা ততোধিক রোগ বা ব্যাধি আছে? বা বুদ্ধিজনিত প্রতিবন্ধকতা, মস্তিষ্কের আঘাত, হাড়ের সমস্যা, কানে কম শোনা, বুদ্ধি সংক্রান্ত এবং জিনঘটিত সমস্যা বা কোনো মেডিকেল কন্ডিশন আছে?<br>Is the child affected by two or more diseases or disorders such as intellectual disability, brain injury, orthopaedic complications, hearing loss, cognitive and genetic problems or medical conditions? | ☐ |

আমি ____________________________________________________________________________

শ্রেণীর শিক্ষক, ________________________________________________________________

আমার ক্লাসের ছাত্র/ছাত্রী ______________________ কে পরবর্তী শনাক্তকরণের জন্য রেফার করব, কারণ আমি এই শিশুটির মধ্যে উপরের তালিকাভুক্ত লক্ষণগুলি ছাড়াও নিম্নলিখিত আচরণগত এবং শারীরিক লক্ষণগুলি পর্যবেক্ষণ করেছি যা অন্যান্য ছাত্রদের থেকে আলাদা বলে মনে হয়েছে।

________________________________      ________________________________

(মা বাবা/ অভিভাবকের স্বাক্ষর)      (শ্রেণীশিক্ষকের নাম ও স্বাক্ষর)

I ____________________________________________________________________________,

teacher of class ________________ would refer ______________________________________,

student of my class for further referral as I observed the following behavioral and physical symptoms apart from the above listed symptoms in this child that seem to be different from other students.

________________________________      ________________________________

(Parent's/Guardian's Signature)      (Class Teacher's Name and Signature)

# Notes